গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

**অক্টোবর, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নেয়ামত উল্যা ভূঁইয়া<br>সিনিয়র সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ২৭ নভেম্বর ২০২৫ খ্রি:, বেলা ১২:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| অংশগ্রহণকারী | : | সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ২১ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয় শাখা) সভার আলোচ্যসূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা/সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি** | (ক) এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা/সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি সর্বোচ্চ গুরুত্বারোপ করতে হবে এবং সর্বশেষ অগ্রগতি যথাসময়ে সংশ্লিষ্ট উইংয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়ায় জারীকৃত পত্রের অনুলিপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।<br>(গ) প্রত্যেক শাখা কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করতে হবে। অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রস্তুত করতে হবে। | **ক) অনুবিভাগ প্রধান (সকল)**<br><br>**(খ) দপ্তর/সংস্থার প্রধান (সকল)** |
| ২. | **সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরবর্তী সভার আলোচ্যসূচি প্রেরণ** | (ক) সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং পরবর্তী সভার আলোচ্যসূচি প্রত্যেক মাসের সমন্বয় সভার কমপক্ষে ০৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। **উল্লেখ্য, উক্ত সময় অতিক্রম করলে অগ্রগতি প্রতিবেদন গ্রহণ করা হবে না।**<br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ডি-নথির মাধ্যমে ফাইল নিষ্পন্ন করতে হবে। উপযুক্ত কারণ ব্যতীত ডি-নথির মাধ্যমেই সকল নথি নিষ্পত্তি করতে হবে।<br>(গ) নভেম্বর/২০২৫ মাসে প্রাপ্ত চিঠিপত্র নিষ্পত্তির (হার্ডনথি ও ডি-নথি) তথ্য প্রেরণ করতে হবে। | |
| ৩. | **ডি-নথির কার্যক্রম** | (ক) নভেম্বর/২০২৫ মাসে ডি-নথির নিষ্পত্তির সংখ্যা ৫৫% এ উন্নীত করতে হবে। | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ** |
| | **বাজেট বাস্তবায়ন** | (ক) ২০২৫-২৬ অর্থবছরের বাজেট সুষ্ঠুভাবে ও যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) উন্নয়ন বাজেটের ব্যয় যথাযথভাবে বৃদ্ধি করতে হবে। | |
| | **শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন** | (ক) মিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইংসমূহে পদ সৃজনের বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) এ মন্ত্রণালয়ের জাপান সেল এবং জাপানস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রম কল্যাণ উইংয়ে পদ সৃজন করতে হবে। | |
| | **অডিট আপত্তি নিষ্পন্নকরণ** | (ক) অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা অর্থবছর অনুযায়ী আলাদাভাবে প্রদান করতে হবে।প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির | |

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | সংখ্যা বছরভিত্তিকভাবে পৃথক করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) নতুন অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে মিশন অডিট অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(ঘ) শাখা কর্মকর্তা (বাজেট) ও হিসাব রক্ষণ কর্মকর্তাসহ ০৩ জনের সমন্বয়ে একটি অডিট নিষ্পত্তি টিম গঠন করতে হবে। | |
| ৪. | **শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কনস্যুলেট স্থাপন** | (ক) মিশরস্থ শ্রম কল্যাণ উইংকে উজবেকিস্তান এ স্থানান্তরের বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে এবং নতুন ০২টি কনস্যুলেট (পেনাং এবং সারওয়াক) এ খোলার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) সৌদি আরবের সরকার কর্তৃক দাম্মাম এ কনস্যুলেট খোলার অনুমতি প্রত্যাহারের বিষয়টি পুনর্বিবেচনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **মিশন ও কল্যাণ অনুবিভাগ** |
| ৫. | **শৃঙ্খলা মামলা নিষ্পত্তি** | (ক) অনিষ্পন্ন শৃঙ্খলা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে অগ্রগতি জানাতে হবে। মামলার তালিকা, নিষ্পত্তি এবং অনিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে শৃঙ্খলা মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে।<br>(খ) দপ্তর সংস্থার প্রশাসন অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **দপ্তর ও সংস্থা** |
| ৬. | **DIASPORA নীতির অগ্রগতি** | (ক) ডায়াসপোরা নীতি প্রণয়নের সর্বশেষ অগ্রগতি জানাতে হবে।<br>(খ) আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ/বিএমইটি/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/ বোয়েসেল** |
| ৭. | **MOU বাস্তবায়ন সংক্রান্ত** | (ক) বিভিন্ন দেশসমূহের MOU বিষয়ে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **কর্মসংস্থান অনুবিভাগ** |
| ৮. | **অভিযোগ সংক্রান্ত তথ্য** | (ক) মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগে প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা, প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা এবং অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিএমইটিতে অভিযোগের সংখ্যা মাত্রাতিরিক্ত হওয়ায় সকল অভিযোগ বিএমইটিতে প্রেরণ না করে প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের তদন্তের সাথে সম্পৃক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(ঘ) অভিযোগ নিষ্পত্তির তথ্য সংক্ষিপ্ত ছক আকারে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>(ঙ) মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে | **মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ** |

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | হবে। | |
| ৯. | **প্রশিক্ষণ সংক্রান্ত** | (ক) PDO প্রশিক্ষণ ম্যানুয়েল চূড়ান্তকরণ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **প্রশিক্ষণ অনুবিভাগ** |
| ১০. | **উন্নয়ন বাজেট ত্বরান্বিতকরণ** | (ক) প্রশিক্ষণ গাড়ী ক্রয়ের বিষয়টি দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ কর্তৃক নভেম্বর/২০২৫ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ** |
| ১১. | **উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনা** | (ক) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফায়ার-ড্রিল আয়োজনসহ অবকাঠামোগত সংস্কার ও আনুষঙ্গিক নিরাপত্তা উপকরণের ব্যবহার উপযোগিতা নিয়মিত পরীক্ষা করতে হবে। | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ/বিএমইটি/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক** |
| | | (খ) Continuous Discharge Certificate (Cadet CDC) সংক্রান্ত উপদেষ্টা পরিষদ-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | **প্রশিক্ষণ অনুবিভাগ** |
| | | (গ) রুলস অব বিজনেস, ১৯৯৬-এর ২৩(৪)-বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে উপদেষ্টা পরিষদ-বৈঠকের উদ্ধৃতি প্রাপ্তির পর বাস্তবায়ন অগ্রগতির প্রথম প্রতিবেদন ১৫ দিনের মধ্যে এবং পরবর্তী সময়ে প্রতি মাসের ৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | **সকল অনুবিভাগ** |
| | | (ঘ) সারসংক্ষেপের সহিত উপস্থাপিত জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাত হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের আর্থিক ক্ষতিপূরণের প্রস্তাব পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়নের লক্ষ্যে উপদেষ্টা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয়; উপদেষ্টা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সমন্বয়ে উপদেষ্টা কমিটি গঠন করা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। | **মিশন ও কল্যাণ অনুবিভাগ** |
| | | (ঙ) বিমানের টিকিট এর মূল্য হ্রাস সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা পরিষদ বৈঠকের আলোচনা অনুযায়ী বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সমন্বিত উদ্যোগ গ্রহণ করবে। | **সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ** |
| | | (চ) বিভিন্ন উন্নয়ন প্রকল্পে বিগত ফ্যাসিস্ট সরকারের সাথে জড়িত ব্যক্তিগণের নাম পরিবর্তনের বিষয়ে উপদেষ্টা পরিষদ-বৈঠকের আলোচনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **সকল অনুবিভাগ/আওতাধীন দপ্তর ও সংস্থা** |
| | | (ছ) সংস্কার কমিশনসমূহের বাছাইকৃত আশু বাস্তবায়নযোগ্য প্রস্তাবসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগসমূহ নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে। | **সকল অনুবিভাগ** |
| | | (জ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ LDC Graduation-এর | **উন্নয়ন ও** |

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | প্রস্তুতিমূলক কার্যক্রম জোরদার ও ত্বরান্বিত করবে। | **পরিকল্পনা অনুবিভাগ** |
| ১২. | **জব ফেয়ার এর আয়োজন** | (ক) ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদনাধীন মাসে (নভেম্বর/২০২৫) এবং আলোচ্য অর্থবছরে আয়োজনকৃত জব ফেয়ারের মাধ্যমে কতজন অংশগ্রহণকারী চাকুরী পেয়ে বিদেশে গমন করেছে এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান হয়েছে উভয় তথ্য পৃথক পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>(খ) কোন টিটিসির মাধ্যমে কতজন চাকরির নিমিত্ত বিদেশ গমন করেছেন সে তথ্য উপস্থাপন করতে হবে। | **জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো** |
| | **প্রশিক্ষণ যুগোপযোগীকরণ** | চাহিদাসম্পন্ন Short Course-সমূহের প্রশিক্ষণ ম্যানুয়াল/সিলেবাস (Syllabus) তৈরির সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | **মনিটরিং কার্যক্রম জোরদারকরণ/নিরাপদ অভিবাসন সংক্রান্ত** | অভিবাসন সম্পর্কিত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | |
| | **বিকল্প বিরোধ নিষ্পত্তি** | বিকল্প বিরোধ নিষ্পত্তির গাইডলাইন অনুযায়ী বিএমইটি কর্তৃক নিষ্পত্তিকৃত অভিযোগ সংক্রান্ত পরিসংখ্যান/তথ্যাদি প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | **TAKAMOL** | TAKAMOL এর সঙ্গে সমন্বয় করে স্কিল টেস্ট অনুষ্ঠানকে আরও ফলপ্রসু করার লক্ষ্যে বিএমইটি'র অধীন প্রয়োজনীয় সংখ্যক টেস্টিং ও ট্রেনিং সেন্টার প্রস্তুতের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ১৩. | **প্রবাসী সাপোর্ট সেন্টার সংক্রান্ত** | নভেম্বর/২০২৫ মাসে প্রবাসী সাপোর্ট সেন্টারে কয়টি অভিযোগ পাওয়া গেছে এবং কয়টি নিষ্পত্তি হয়েছে এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড** |
| | **মৃতদেহের ক্ষতিপূরণ প্রাপ্তি সহজীকরণ** | (ক) মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | | (খ) জীবন বীমার ক্ষতিপূরণ বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ১৪. | **বিভিন্ন দেশে কর্মী প্রেরণ ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত** | (ক) বোয়েসেল কর্তৃক বিভিন্ন দেশে ২০২৫-২৬ অর্থ বছরে প্রেরিত কর্মীর সংখ্যাসহ প্রতিবেদনাধীন মাসে (নভেম্বর/২০২৫) কর্মী প্রেরণের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) মালয়েশিয়ায় কর্মী প্রেরণ সংক্রান্ত সর্বশেষ তথ্য পরবর্তী সভায় অবগত করতে হবে। | **বোয়েসেল** |
| ১৫. | **ঋণ বিতরণ কার্যক্রম** | (ক) নভেম্বর/২০২৫ মাসে কতজনকে কোন কোন খাতে কী পরিমাণ ঋণ দেয়া হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নভেম্বর/২০২৫ মাসে আহরিত রেমিট্যান্সের পরিমাণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) Islamic Window খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **প্রবাসী কল্যাণ ব্যাংক** |
| ১৬. | **বিবিধ** | (ক) জেলা প্রশাসক সম্মেলনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান ও দপ্তর-সংস্থা প্রধান** |

| ক্র/নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিবিধ | (খ) মন্ত্রণালয়ের মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | |
| | | (গ) অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (GRS) থেকে প্রাপ্ত অভিযোগসমূহ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দ্রুততার সাথে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | |

০২। পরিশেষে, অভিবাসন ব্যবস্থায় সুশাসন আরো গতিশীল করার লক্ষ্যে সরকারের সংস্কার পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪/১২/২৫

(ড. নেয়ামত উল্যা ভূঁইয়া)
সিনিয়র সচিব